

💵 হজ্জ, উমরা ও যিয়ারত গাইড

বিভাগ/অধ্যায়ঃ হজ্জকারীর ভুলক্রটি রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ঝ. কঙ্কর নিক্ষেপের ভুল-ত্রুটি।

মুযদালেফা থেকে কন্ধর কুড়িয়ে না নিলে কন্ধর নিক্ষেপ শুদ্ধ হবে না বলে ধারণা করা। জামরাতে শয়তান রয়েছে মনে করে কন্ধর নিক্ষেপের সময় উত্তেজিত হয়ে নিক্ষেপ করা। স্তম্ভের গায়ে কন্ধর না লাগলে কন্ধর নিক্ষেপ শুদ্ধ হবে না বলে ধারণা করা। বরং হাউজের মধ্যে যেকোনো জায়গায় পড়লেই কন্ধর নিক্ষেপ শুদ্ধ হবে। মুস্তাহাব মনে করে কন্ধর ধুয়ে পরিষ্কার করা। নিজে সক্ষম হওয়া সত্ত্বেও ভিড়ের ভয়ে অন্যকে দিয়ে কন্ধর নিক্ষেপ করানো। ১১ ও ১২ তারিখে সূর্য ঢলে পড়ার পূর্বে কন্ধর মারা। প্রতি জামারাতে ৭ টির বেশি কন্ধর মারা এবং প্রতিদিন দুই কিংবা তিনবার করে কন্ধর মারা। প্রথম ও মাধ্যম জামরায় কন্ধর নিক্ষেপের পর দোয়া করার জন্য না দাঁড়ানো। ৭ টি কন্ধর একবার মুষ্টিবদ্ধ করে নিক্ষেপ করা।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=3569

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন